

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

অনলাইন অ্যাসাইনমেন্ট - ২০২০

শ্রেণী - নবম

বিষয় - বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

সময়: ২ ঘন্টা

পূর্ণমান ৫০

নিম্নলিখিত উদ্দীপক গুলো মনোযোগ সহকারে পড় এবং প্রশ্ন গুলোর উত্তর দাও।

১০ x ২ = ২০

- ১) বাংলাদেশের প্রকৃতি বিভিন্ন রূপে সজ্জিত হয়। কোথাও পাহাড় পর্বত আবার কোথাও সমতলভূমি। বিভিন্ন দেশের জলবায়ু ও প্রকৃতি বিভিন্ন ধরনের হয়ে থাকে। বাংলাদেশের জলবায়ুরও ভিন্নতা রয়েছে। তবে বাংলাদেশের মানুষের জীবন জীবিকার উপর জলবায়ুর প্রভাব ব্যাপক।
- ক) লালমাই পাহাড়ের গড় উচ্চতা কত মিটার? ১
- খ) বাংলাদেশের ভূপ্রকৃতির ব্যাখ্যা দাও। ২
- গ) নেপালের জলবায়ুর ব্যাখ্যা দাও। ৩
- ঘ) “বাংলাদেশের মানুষের জীবন জীবিকার উপর জলবায়ুর প্রভাব ব্যাপক”-
উক্তিটি বিশ্লেষণ কর। ৪
- ২) মইন সাহেব ৫ টি গার্মেন্টস, ৩ টি প্লাস্টিক কারখানা ও একটি মোটর গ্যারেজের মালিক। তার কারখানা গুলোতে প্রায় বিশ হাজার লোক কর্মরত। তার উদ্দেশ্য হল শ্রমিকদের বেতন ভাতা কম দিয়ে অতিরিক্ত কাজ করিয়ে অধিক মুনাফা অর্জন করা এবং আরও বাড়ি গাড়ির মালিক হওয়া।
- ক) জাতীয় সম্পদের উৎস কয়টি? ১
- খ) সংগঠন বলতে কি বুঝ? ২
- গ) উদ্দীপক এ কোন অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উক্ত বৈশিষ্ট্যই কি উল্লেখিত ব্যবস্থার একমাত্র বৈশিষ্ট্য? মতামত দাও। ৪

এক বাক্যে প্রশ্ন গুলোর উত্তর দাওঃ

১৫ x ২ = ৩০

(১৫ টি প্রশ্নেরই উত্তর দিতে হবে)

- ১) বাংলাদেশের মাঝামাঝি কোন রেখা অতিক্রম করেছে?
- ২) বাংলাদেশের সাম্প্রতিক কালের প্লাবন সমভূমির আয়তন কত?
- ৩) বাংলাদেশের জলবায়ু কী নামে পরিচিত?
- ৪) সিসমিক রিস্ক জোন কী?
- ৫) বাংলাদেশের নৌপথের দৈর্ঘ্য কত?
- ৬) পদ্মা নদীর উৎপত্তি স্থল কোথায়?
- ৭) প্রাকৃতিক সম্পদ কাকে বলে?
- ৮) উপযোগ কাকে বলে?
- ৯) বর্তমান বিশ্বে প্রধানত কয় ধরনের অর্থনৈতিক ব্যবস্থা রয়েছে?
- ১০) সম্পদ বলতে কি বোঝায়?
- ১১) উৎপাদনের উপাদান গুলো কি কি?
- ১২) অপ্রাচুর্যতা কাকে বলে?
- ১৩) পরিবার কি?
- ১৪) শিশুর সামাজিকীকরণ এর আনুষ্ঠানিক মাধ্যম কোনটি?
- ১৫) আকারের ভিত্তিতে পরিবার কয় ধরনের?